# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৬০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আল্লাহকে প্রতিপালক হিসেবে, ইসলামকে দ্বীন হিসেবে এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রাসূল হিসেবে পেয়ে সন্তুষ্ট, তার জন্য জান্নাত অবধারিত

## ذِكْرُ إِيجَابِ الْجَنَّةِ لِمَنْ قَالَ رَضِيتُ بِاللَّهِ رَبًّا وَقَرَنَهُ بِرِضَاهُ بِالْإِسْلَامِ وَالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

---

আরবী

860 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ شُرَيْحٍ قَالَ: حَدَّثَنِي أَبُو هَانِئٍ التُّجِيبِيُّ عَنْ أَبِي عَلِيٍّ الْهَمْدَانِيِّ أَنَّهُ سَمِعَ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ قَالَ: رَضِيتُ بِاللَّهِ رَبًّا وَبِالْإِسْلَامِ دِينًا وَبِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيًّا وَجَبَتْ لَهُ الْجَنَّةُ)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو هَانِئٍ: اسْمُهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ مِنْ أَهْلِ مِصْرَ وَأَبُو عَلِيٍّ الْهَمْدَانِيُّ: اسْمُهُ عَمْرُو بْنُ مَالِكٍ الْجَنْبِيُّ مِنْ ثِقَاتِ أَهْلِ فِلَسْطِينَ.

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 860 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৬০. আবূ সা’ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি বলবে رَضِيتُ بِاللَّهِ رَبًّا وَبِالْإِسْلَامِ دِينًا وَبِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيًّا (আমি আল্লাহকে প্রতিপালক হিসেবে পেয়ে, ইসলামকে দ্বীন হিসেবে এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রাসূল হিসেবে পেয়ে সন্তুষ্ট), তার জন্য জান্নাত অবধারিত হয়ে যাবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ হানীর নাম হলো হুমাইদ বিন হামীদ, তিনি মিসরের

অধিবাসী। আবূ আলী হামদানীর নাম হলো আমর বিন মালিক আল জানবী, তিনি ফিলিস্তিনের অধিবাসী একজন নির্ভরযোগ্য ব্যক্তি।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৪১; আবূ দা্‌উদ: ১৫২৯; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৬; হাকিম: ১/৫১৮; মুসনাদ আহমাদ: ৩/১৪; তিরমিযী: ৩৩৮৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩২৪; ইবনু মাজাহ: ৩৮৭০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89363

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন